



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৫২

তারিখঃ ০২ মার্চ ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

যাত্রাবাড়ীর ধলপুরে তেলেগু সম্প্রদায়ের নাগরিকদের পুনর্বাসন না করে উচ্ছেদের প্রচেষ্টা মানবাধিকারের লঙ্ঘন

গণমাধ্যমে প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যানের নেতৃত্বে কমিশনের একটি প্রতিনিধি দল ১৪ ফেব্রুয়ারি সরেজমিনে ঘটনাস্থল পরিদর্শন করে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করে তেলেগু সম্প্রদায়ের নাগরিকদের উচ্ছেদের আতঙ্ক হতে অব্যাহতি দানপূর্বক পরিকল্পিত উপায়ে আবাসনের সংস্থান করে কমিশনকে অবহিত করতে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে নির্দেশনা দেয়া হয়।

পরবর্তীতে কমিশনের সাথে ঐ সম্প্রদায়ের নাগরিকদের যোগাযোগ অব্যাহত থাকে। ইতিমধ্যে গতকাল বিভিন্ন সংবাদ মাধ্যমে উক্ত সম্প্রদায়ের নাগরিকদের হুমকির মুখে উচ্ছেদের সংবাদ প্রকাশিত হবার প্রেক্ষিতে কমিশন থেকে পরিচালক (অভিযোগ ও তদন্ত) এর নেতৃত্বে আরেকটি প্রতিনিধি দল অদ্য ০২ মার্চ/২০২৩ ইং তারিখ পুনরায় ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করে। পরিদর্শন কালে দেখা যায় যে, নতুন যে জায়গা বরাদ্দ দেয়া হয়েছে সেখানে মাত্র কয়েকটি ঘর তোলা হয়েছে। কক্ষগুলো এতই ছোট যে, তা ২/৩ জন মানুষের পক্ষে বসবাসের অনুপযোগী। পূর্বের বসবাসের স্থান সোয়ারেজের পানিতে সয়লাব হয়ে যাওয়ার কারণে তা ইতিমধ্যে বসবাসের অনুপযুক্ত হয়েছে। অসহায় মানুষদের সোয়ারেজের পানির মধ্য দিয়ে চলাচল করতে হচ্ছে। মশার উপদ্রব বেড়ে গিয়েছে। মানুষজনকে অনেক দূরে গিয়ে পানি সংগ্রহ করতে হচ্ছে। বরাদ্দকৃত স্থানে বিদ্যুৎ বা পানির কোন ব্যবস্থা দেখা যায়নি। তাদের নিকট হতে জানা যায় যে, মোট ১২৭ টি পরিবারের তালিকা তৈরি করা হয়েছে যার মধ্যে ৭ টি পরিবার আদৌ বসবাসের জায়গা পাবে কিনা তার কোন নিশ্চয়তা দেয়া হয়নি। নতুন জায়গায় আবাসস্থল গড়ে তোলার মত তাদের হাতে পর্যাপ্ত অর্থও নেই। এ নিষ্ঠুর আচরণের ফলে তারা বর্তমানে আশ্রয়, বিদ্যুৎ ও পানিহীন অবস্থায় খোলা আকাশের নিচে অত্যন্ত মানবতের জীবন যাপন করছেন।

সার্বিক অবস্থা বিবেচনায় বলা যায় যে, যাত্রাবাড়ীর ধলপুরে তেলেগু সম্প্রদায়ের মানুষ বর্তমানে আশ্রয়, বিদ্যুৎ ও পানিহীন অবস্থায় খোলা আকাশের নিচে অত্যন্ত মানবতের জীবন যাপন করছেন। এদেশের নাগরিক হওয়া সত্ত্বেও বেঁচে থাকার ন্যূনতম সুবিধা তারা ভোগ করতে পারছেন না। একজন মানুষও গৃহহীন থাকবে না -মাননীয় প্রধানমন্ত্রীর এমন সুনির্দিষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও এধরণের ঘটনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এই অসহায়, নিপীড়িত, সমাজ বিচ্ছিন্ন মানুষদের যথাযথ পুনর্বাসন না করে উচ্ছেদ করা সংবিধানের মূলনীতির পরিপন্থী ও মানবাধিকারের চরম লঙ্ঘন। এ বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করা হলে তাদের পক্ষ থেকে দ্রুত ব্যবস্থা গ্রহণের কথা বলা হলেও সরেজমিন পরিদর্শনে তা পরিলক্ষিত হয়নি। এঅবস্থায়, ধলপুরে বসবাসরত তেলেগু সম্প্রদায়ের মানুষের জন্য দ্রুত পানি, বিদ্যুৎ, বসবাসের উপযোগী ঘর, পর্যাপ্ত টয়লেট, মাটি ভরাট করে রাস্তা ঘাট নির্মাণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে আহ্বান জানায় কমিশন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ